ভোরের কাগজ

তারিখ : 17. APR. 2003

পৃজ ১২ ... ৭

ছাত্রলীগের বর্ধিত সভা ও প্রশিক্ষণ কর্মশালা সমাপ্ত

# মেধা ও মননে সুশিক্ষিত সংগঠন গড়ে তোলার অঙ্গীকার

**কাজী সাইফুদ্দিন অভি, টুঙ্গিপাড়া গোপালগঞ্জ থেকে :** বিজ্ঞান প্রযুক্তি, শিক্ষা, সাহিত্য মেধা ও মননে সুশিক্ষিত ছাত্র সংগঠন গড়ে তোলার অঙ্গীকারের মধ্য দিয়ে সারা দেশের ছাত্রলীগ নেতাদের নিয়ে জাতির জনক বঙ্গবন্ধুর মাজার প্রাঙ্গণে অনুষ্ঠিত দুদিনব্যাপী বর্ধিতসভা ও প্রশিক্ষণ কর্মশালা গতকাল শেষ হয়েছে। গতকালও বর্তমান ও সাবেক ছাত্র নেতৃবৃন্দ, শিক্ষক, বুদ্ধিজীবী ও জাতীয় নেতৃবৃন্দের প্রাণবন্ত আলোচনায় প্রশিক্ষণ কর্মশালা প্রাণবন্ত হয়ে ওঠে। ছাত্রলীগের ৮৪টি সাংগঠনিক জেলার ছাত্র নেতাদের উপস্থিতিতে কর্মশালা সরব হয়ে ওঠে।

প্রশিক্ষণ কর্মশালার সমাপনী দিবসে কবি সৈয়দ শামসুল হক বাঙালি জাতীয়তাবাদ ও আমাদের স্বাধীনতা সংগ্রাম, অধ্যাপক ড. হারুন অর রশীদ বাঙালির রাষ্ট্রচিন্তা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ, আকরাম হোসেন চৌধুরী সুশাসন, মানবাধিকার ও উন্নয়নে ছাত্র সমাজ, মোস্তফা চৌধুরী তথ্য প্রযুক্তির সম্ভাবনার আলোয় নতুন প্রজন্ম শীর্ষক বিষয় ভিত্তিক বক্তব্য দেন।

এছাড়া সন্ধ্যায় ছাত্রলীগের ইতিহাস, ছাত্ররাজনীতি ও সাংগঠনিক শৃঙ্খলা শীর্ষক আলোচনায় সংগঠনের সাবেক ও জাতীয় নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। ছাত্রলীগের ইতিহাস বিষয়ে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আবদুল জলিল, প্রেসিডিয়াম সদস্য শেখ ফজলুল করিম সেলিম, ছাত্রলীগ ও করণীয় সম্পর্কে প্রেসিডিয়াম সদস্য বেগম মতিয়া চৌধুরী, সাংগঠনিক সম্পাদক আবদুল মান্নান, আখতারুজ্জামান, সুলতান মোহাম্মদ মনসুর, মাহমুদুর রহমান মান্না, মাইনুদ্দীন হাসান চৌধুরী, অজয় কর খোকন এবং সাংগঠনিক শৃঙ্খলা সম্পর্কে আওয়ামী

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৪

## মেধা ও মননে সুশিক্ষিত সংগঠন

● শেষের পাতার পর

লীগের যুগ্ম সম্পাদক ওবায়দুল কাদের ও সাংগঠনিক সম্পাদক সাবের হোসেন চৌধুরী মূল্যবান বক্তব্য রাখেন।

বিষয়ভিত্তিক আলোচনার সময়ে ছাত্রলীগ নেতাকর্মীরা আলোচকদের সরাসরি প্রশ্ন করেন এবং আলোচকরা বিভিন্ন জিজ্ঞাসার জবাব দেন। প্রশিক্ষণ কর্মশালার শেষ পর্যায়ে বর্ধিত সভা ও প্রশিক্ষণ কর্মশালার প্রস্তাব উপস্থাপন করেন ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদার। অনুষ্ঠান পরিচালনা করেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু।